দৈনিক খবর

তারিখ 05 MAR 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

২০৭

# 'শিক্ষা ব্যবস্থাকে পণ্যে পরিণত করা হচ্ছে'

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম. আখতারুজ্জামান বলেছেন, শিক্ষা ব্যবস্থাকে পণ্যে পরিণত করে জাতিকে দেউলিয়া করার চেষ্টা চলছে। আর এই ঘৃণ্য কাজে পৃষ্ঠপোষকতা করছে বর্তমান সরকার।

তিনি গত মঙ্গলবার নরসিংদীর

২–এর পাতা ৩য় কঃ দেখুন

## শিক্ষা ব্যবস্থাকে

*প্রথম পৃষ্ঠার পর*

রায়পুরাস্থ সানরাইজ কিন্টার গার্ডেন ও প্রি–ক্যাডেট স্কুলের প্রতিষ্ঠাবার্ষিকী ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। অধ্যক্ষ রহমত উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এই বর্ণাঢ্য অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গণতন্ত্রী পার্টির কেন্দ্রীয় প্রেসিডিয়াম সদস্য ফজলুল হক খোন্দকার, সংসদ সদস্য নূরুল ইসলাম মনি, রায়পুরা কলেজের অধ্যক্ষ আবদুল হালিম, অধ্যাপক আবদুস সালাম, শওগাত আলী, বাবু দিলীপ কর্মকার, মোহাম্মদ শহিদুল্লাহ, এ কে এম ফিরোজ। সভা পরিচালনা করেন অধ্যাপক শহিদুল্লাহ ও আরেফা ফেরদৌস চন্দন।

সাংস্কৃতিক পর্বে মিশুক পিয়ার্স, রাজেস, সিনথিয়া, সৌরভ ও সুতপা আবৃত্তি করেন। –খবর প্রেস বিজ্ঞপ্তির।